গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত মার্চ/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২১ মার্চ ২০২৩/ ৭ চৈত্র ১৪২৯ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

## ১) ফেব্রুয়ারি/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | ফেব্রুয়ারি/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২০/০২/২০২৩ তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ফেব্রুয়ারি/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। | |

## ২) ফেব্রুয়ারি/২০২৩ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | এ মাসের সভায় আলোচনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের কাজ প্রায় শেষ পর্যায়ে। তবে বিটিসিএল প্রস্তুত না হওয়ায় এখনও ইন্টারনেট সংযোগ দেয়া যায়নি। সবগুলো সাইটের ইন্টারনেট সংযোগ বিটিসিএলের মাধ্যমে নেয়া হবে। সভায় আরও জানানো হয় যে, বিটিসিএল থেকে প্রাইস কোটেশন না পাওয়ায় তা যাচাই বাছাই করা যায়নি, এবং ফলশ্রুতিতে চুক্তির বিষয়ে অগ্রসর হওয়া যায়নি।<br>**সিদ্ধান্ত:** যত দ্রুত সম্ভব ইন্টারনেট সংযোগ বিষয়ে বিটিসিএলের সাথে চুক্তি সম্পাদন করতে হবে। | বিটিসিএলের ডিএমডি (সিএ) এর সভাপতিত্বে সভা করা হয়েছে। এছাড়া গত SoF সভায় মন্ত্রী মহোদয় বিটিসিএলকে নির্দেশনা দিয়েছেন দ্রুত চুক্তি সম্পাদনের জন্য, তবে এখনও পর্যন্ত কোনো অগ্রগতি পাওয়া যায়নি। | ইন্টারনেট সংযোগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে যা পরবর্তীতে সভায় বিস্তারিত আলোচনা হবে। | |
| ২ | NAATRT প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন। | প্রকল্প পরিচালক সভায় প্রকল্প সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ৪ এপ্রিল ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের ৩য় সভার ক্রমিক ৫.৩ এবং ৫.৪ এর সিদ্ধান্তে উপরোক্ত বিষয়গুলো প্রতিষ্ঠা করার উল্লেখ আছে। এছাড়া সভায় উপযুক্ত কোনো প্রতিষ্ঠানকে দিয়ে ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করার বিষয়টি আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্নকরণের জন্য প্রাথমিক কিছু কাজ শুরু করা যেতে পারে। প্রকল্প পরিচালক নিয়োগের পর ফিজিবিলিটি স্ট্যাডি দ্রুত সম্পন্ন করতে হবে। | বিগত ২৭/০২/২০২৩ খ্রি. তারিখে পিটিডি কর্তৃক জনাব তারঘীবুল ইসলাম, ডিডি (সম্পদ ব্যবস্থাপনা-মোবাইল) কে পিডি নিয়োগের আদেশ জারি করা হয়, সে মোতাবেক ডিওটি হতে ০২/০৩/২০২৩ তারিখে আদেশ জারি করা হয়।<br>এছাড়া প্রকল্পের ডিপিপি অনুযায়ী জনবলের পদায়ন করা হয়েছে।<br>প্রকল্পের প্রাথমিক প্রস্তুতিকাজ শুরু করা হয়েছে। | | |
| ৩ | সিটিডিআর ফেইজ-২ প্রকল্প বিষয়ক | সভায় প্রকল্প পরিচালক অবহিত করেন যে আগামী ০২/০৩/২০২৩ তারিখে প্রাপ্ত দরপত্র সমূহ উন্মুক্ত করণের দিন ধার্য আছে। প্রকল্প পরিচালক আরও জানান যে, প্রকল্পটি বাস্তবায়িত হলে বর্ণিত ক্রয় প্যাকেজের আওতায় বিদ্যমান সিটিডিআর নেটওয়ার্কের ৫২০০ জিবিপিএস ডিপিআই হার্ডওয়্যার ও ৩৬২০ জিবিপিএস লাইসেন্স (RTU-Right To Use) বৃদ্ধি করা সম্ভব হবে।<br>**সিদ্ধান্ত:** আগামী সমন্বয় সভায় প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে। | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪ | পদোন্নতি কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন | সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, কনিষ্ট হিসাব রক্ষক পদে পদোন্নতির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। তবে কিছুসংখ্যক কর্মচারীদের মামলা সংক্রান্ত তথ্য এখনও বিটিসিএল থেকে পাওয়া যায়নি। তথ্যগুলো পাওয়া গেলে শীঘ্রই ডিপিসি'র সভা অনুষ্ঠান করা যাবে।<br><br>**সিদ্ধান্ত:** মার্চ/২০২৩ মাসের প্রথম সপ্তাহের মধ্যে একটি ডিপিসি'র সভা অনুষ্ঠান করতে হবে। | বিগত ৬ মার্চ ২০২৩ খ্রি. তারিখে ডিপিসি'র সভা অনুষ্ঠিত হয়। মটর ভেহিকেল ইন্সপেক্টর এবং প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। | | |

## ৩) মার্চ/২০২৩ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের মেয়াদ জুন/২০২৩ পর্যন্ত। উক্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা। | সভায় প্রকল্পের পক্ষ থেকে জানানো হয় যে, সাইটের PAT শেষ পর্যায়ে। প্রকল্পের আওতায় ৬৭৮টি সাইটের মধ্যে ৪২০ টি সাইটের সংযোগ বিটিসিএল এবং টেলিটক হতে গ্রহণ করা সম্ভব হবে। তবে বাকী ২৫৮ সাইটের ইন্টারনেট সংযোগ অন্য অপারেটরের মাধ্যমে গ্রহণ করতে হবে। প্রকল্পের মেয়াদকালেই সকল সাইটে ইন্টারনেট সংযোগ দেয়া যাবে মর্মে প্রকল্পের পক্ষ থেকে আশাবাদ ব্যক্ত করা হয়। | দ্রুত ইন্টারনেট সংযোগের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>এছাড়া, কোন প্রতিষ্ঠান থেকে কতগুলো ইন্টারনেট সংযোগ নেয়া হবে তার বিশদ বিবরণ এবং কার্যসমাপ্তির সম্ভাব্য সময় উল্লেখপূর্বক তালিকা প্রণয়ন করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক, সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্প। |
| ২) | সিটিডিআর ফেইজ-২ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | টেলিযোগাযোগ অধিদপ্তরের আওতায় "সিটিডিআর ফেইজ-২" শীর্ষক প্রকল্পটির কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের সার্বিক অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করা হবে। | সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মূল যন্ত্রপাতি ক্রয়ের দরপত্র মূল্যায়নের কাজ চলছে। | মূল্যায়নের কাজটি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্প পরিচালক, সিটিডিআর ফেইজ-২ প্রকল্প |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩) | NAATRT প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন। | NAATRT প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন। | প্রকল্প পরিচালক জানান যে, তার জনবলের একজন অফিস সহকারীর পদস্থাপন এখনও করা হয়নি।<br><br>প্রকল্পের প্রশাসনিক কাজগুলো যেমন ই-নথি চালু করা, iBAS++ একাউন্ট খোলা, অর্থ ছাড় সংক্রান্ত কার্যক্রম শুরু করা হয়েছে। প্রকল্পের মূল কাজ অর্থাৎ সমীক্ষা প্রতিবেদনের জন্য ডকুমেন্ট প্রস্তুতির কাজ প্রক্রিয়াধীন রয়েছে। | উল্লিখিত পদে জনবল শীঘ্রই পদস্থাপন করতে হবে।<br><br>প্রকল্পের কাজসমূহ যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে যত্নবান হতে হবে। | পরিচালক (প্রশাসন)<br><br>প্রকল্প পরিচালক, NAATRT প্রকল্প |
| ৪) | পদোন্নতি কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন | টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২২ এর প্রেক্ষিতে বিভিন্ন পর্যায়ের কর্মচারীদের পদোন্নতি বিষয়ক কাজের অগ্রগতি প্রতিবেদন। | সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, বিগত ৬ মার্চ ২০২৩ খ্রি. তারিখে ডিপিসি’র সভার মাধ্যমে মটর ভেহিকেল ইন্সপেক্টর পদে পদোন্নতি এবং প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতির সুপারিশ করা হয়। উক্ত সুপারিশমালা পাবলিক সার্ভিস কমিশনে (পিএসসি) প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।<br><br>কনিষ্ঠ হিসাব রক্ষক পদে পদোন্নতির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। সার্ভিস বুক প্রেরণের জন্য বিটিসিএলের নিকট পত্র প্রেরণ করা হয়েছে যা পাওয়ার পর পদোন্নতি কার্যক্রম শুরু করা হবে। | পদোন্নতি প্রদানের প্রক্রিয়াসমূহ ত্বরান্বিত করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫) | ফেব্রুয়ারি/২০২৩ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী<br>ছ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | ক) যোগদান ও পদস্থাপনের ৩৭টি আবেদনের মধ্যে ১টি প্রক্রিয়াধীন। পিআরএল মঞ্জুরির ৩৮টি আবেদনের ১টি প্রক্রিয়াধীন।<br>খ) প্রাপ্ত মোট ৫০টি আবেদনের মধ্যে মাসান্তে ৬টি পেন্ডিং আছে।<br>গ) মোট ১৬৯ টি জিপিএফ আবেদনের মধ্যে ৪০টি আবেদন সিস্টেমের ব্যালেন্স শীট, জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীণ আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ৯৭টি আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ৪২টি। প্রক্রিয়াধীন আছে ৫৫টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>ছ) নন-ক্যাডার ২৬৩ জনকে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে। | | সেবা মনিটরিং কমিটি |
| ৬) | বিবিধ | (ক) সিটিডিআর সেন্টারের অর্গানোগ্রাম | (ক) মহাপরিচালক মহোদয় সিটিডিআর সেন্টারের অর্গানোগ্রাম আগামী ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রস্তুতপূর্বক দাখিলের নির্দেশ দেন। | আগামী ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সিটিডিআর সেন্টারের অর্গানোগ্রাম দাখিল করতে হবে। | (খ) জনাব এস,এম ফরহাদ হোসেন, জিএম (ইঞ্জি.) ও আহবায়ন, সিটিডিআর পদসৃজন কমিটি। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | (খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের শুদ্ধাচার কার্যক্রম | অধিদপ্তরের শুদ্ধাচারের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে,<br>ক) মার্চ, ২০২৩ এর মধ্যে সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) প্রণয়ন ও ওয়েব পেজে প্রকাশ জরুরী; উক্ত সংশোধিত এপিপি-এর সাপেক্ষে ই-জিপি ক্রয় কার্য সম্পাদনের প্রতিবেদন প্রস্তুত করতে হবে।<br>খ) শুদ্ধাচার কমিটির পক্ষ থেকে ইতোমধ্যে ২০২৩-২০২৪ অর্থ-বছরের জন্য (১) কর্ম-পরিবেশ উন্নয়ন ও (২) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বিষয়ে এক/একাধিক শিরোনাম আহবান করা হয়েছে। এখন পর্যন্ত কোনো প্রস্তাব না পাওয়ায় যথাশীঘ্র সকলকে শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট বাস্তবায়নযোগ্য প্রস্তাব প্রদানের আহবান জানানো হয়। | সকলকে এবিষয়ে সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন।

র. ইসলাম

মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.৮৪

তারিখ: ৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৩) পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৪) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৫) অফিস কপি



মোঃ মফিজ উদ্দিন
পরিচালক